# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- জাতী:বি:/রেজি:/অ্যাকা:/১৬(৬৬৫)/২০১১/2000 তারিখ: ২৬/০৬/২০১৩

## ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**১। ভর্তির যোগ্যতা :**

ভর্তিচ্ছু আবেদনকারীদের জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০০৭, ২০০৮ও ২০০৯ সালে ৪ বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থী ভর্তির যোগ্য বিবেচিত হবেন।

**২। আবেদনের নিয়ম:**

(ক) আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nuadmission.info) এর মাধ্যমে **আগামী ২৯.০৬.২০১৩ থেকে ১৮.০৭.২০১৩ তারিখের** মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 pixels, Image type: JPG এবং maximum file size: 50 KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ ওয়েবসাইট থেকে PIN নম্বর পাবে এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(খ) অনলাইনে আবেদনকারী তার পছন্দের ক্রমানুসারে ০২টি কলেজ/প্রতিষ্ঠান পছন্দক্রম দিতে পারবেন। পছন্দক্রমের প্রথম কলেজে আবেদন ফরম ও ফি জমা দিতে হবে।

(গ) আবেদন ফরমের ৩টি অংশ থাকবে যার প্রথম অংশ বিশ্ববিদ্যালয়ের, দ্বিতীয় অংশ কলেজের এবং তৃতীয় অংশ আবেদনকারীর। উক্ত আবেদনপত্রের প্রিন্টকৃত প্রার্থীর ছবির উপরে কলেজ/প্রতিষ্ঠান অধ্যক্ষ সত্যায়ন করবেন। ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ/প্রতিষ্ঠান অধ্যক্ষ ও প্রার্থী স্বাক্ষর করবেন।

(ঘ) আবেদনকারী প্রিন্ট আউটকৃত ফরম ও আবেদন ফি বাবদ ২০০/- টাকা এবং প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে আগামী ১৮.০৭.২০১৩ তারিখের মধ্যে জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করবেন।

(ঙ) আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে জমা দিয়ে কলেজ/প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীগণ রিসিভ স্লীপ সংগ্রহ করবেন। প্রার্থীর এস.এস.সি/সমমান হতে **বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং** পর্যন্ত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি কলেজে জমা দিবেন।

**বি. দ্র. : ভর্তির সময় অবশ্যই কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে মূল সনদপত্র প্রদর্শন করতে হবে। কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সনদপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।** প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে সংশিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড **সরবরাহ করা হবে না এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

**৩। কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের করণীয় :**

**(ক)** শিক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন করার পর প্রিন্ট কপি কলেজে জমা দিলে কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সরবরাহকৃত User ID এবং Password প্রদান করে অনলাইনে (www.nuadmission.info) লগইন করে এন্ট্রি করবেন। অনলাইনে আবেদনপত্রের কনফার্ম করার **শেষ তারিখ ২১.০৭.২০১৩।**

(খ) কলেজ/প্রতিষ্ঠান কর্তৃক বিশ্ববিদ্যালয়ের অংশ, আবেদনকারীদের তালিকা ও ভর্তি ফান্ডের টাকা ডিডিসহ সংশ্লিষ্ট দপ্তরে **জমা দেয়ার শেষ তারিখ ২৩.০৭.২০১৩।**

(গ) ভর্তিসংক্রান্ত কাগজপত্র জমা দেয়ার সময় কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের অধিভুক্তি নবায়নের প্রমাণপত্র (কলেজ পরিদর্শন শাখা কর্তৃক ইস্যুকৃত) এবং আসন সংখ্যার প্রমাণপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় ভর্তি সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।

(ঘ) **ভর্তি ফান্ড :** ছাত্র-ছাত্রী প্রতি আবেদন পত্রের জন্য নির্ধারিত ২০০/- (দুইশত) টাকার মধ্যে জন প্রতি ১০০/- (একশত) টাকা হারে সংশিষ্ট কলেজ/প্রতিষ্ঠান ভর্তি ব্যয় মেটানোর জন্য রাখবে এবং অবশিষ্ট জন প্রতি ১০০/- (একশত) টাকা হারে **"ভর্তি ফান্ড"** শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর ব্যাংক ড্রাফট করতে হবে। ভর্তি ফান্ডের ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার জন্য অধ্যক্ষ কর্তৃক ডীন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর লিখিত পত্রে সংশিষ্ট শাখার সুপারিশের ভিত্তিতে অর্থ ও হিসাব বিভাগ থেকে চালান নম্বর নিয়ে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় জমা দেয়ার পর জমা রশিদের একটি অংশ সংশিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

**(ঙ) কোন অবস্থাতেই আসন সংখ্যার অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি করা যাবে না।**

(চ) ভর্তিকৃত শিক্ষার্থীদের বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পরীক্ষা পাশের সত্যায়িত সনদ/নম্বরপত্রে শ্রেণী রোল উলেখপূর্বক একসেট আলাদাভাবে সংশিষ্ট শাখায় জমা দিতে হবে।

৪। ভর্তির যোগ্যতা নির্ধারণ পদ্ধতি:

ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে **বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পর্যায়ের** প্রাপ্ত ফলাফল অনুযায়ী মেধা তালিকা প্রস্তুত করা হবে । দু'জন আবেদকারীর সংশ্লিষ্ট বিষয়ে একই নম্বর হলে **বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্সের** প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের (শতকরা হার) ভিত্তিতে মেধা তালিকা করা হবে।

**৫। মেধাতালিকা প্রকাশ করার তারিখ ২৩.০৭.২০১৩ (উল্লেখ,শুধুমাত্র কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক যে সকল আবেদনপত্র অনলাইনে কনফার্ম করবেন, সেই সকল শিক্ষার্থীর মেধা তালিকা প্রকাশ হবে)।**

**৬। ভর্তির সময়সীমা:**

ক) শিক্ষার্থীকে ২৪.০৭.২০১৩ হতে ১৮.০৮.২০১৩ তারিখ পর্যন্ত কলেজে হাজির হয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।

খ) কলেজ/প্রতিষ্ঠান কর্তৃক ব্যাংক ড্রাফটের তারিখ................................................ ১৯/০৮/২০১৩

গ) ব্যাংক ড্রাফট ও আবেদনপত্র এবং প্রয়োজনীয় কাগজপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশিষ্ট দপ্তরে জমা দেয়ার তারিখ................................................ ২০/০৮/২০১৩

ঘ) বিলম্ব ফি সহ ভর্তির শেষ তারিখ : ................................................ ২৭/০৮/২০১৩

ঙ) বিলম্ব ফি সহ ব্যাংক ড্রাফটের শেষ তারিখ :................................................ ২৮/০৮/২০১৩

চ) ব্যাংক ড্রাফট (বিলম্ব ফি সহ) ও ভর্তির প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার শেষ তারিখ :................................................ ২৯/০৮/২০১৩

ছ) ক্লাশ শুরুর তারিখ : .................................................................................................. ২০/০৮/২০১৩

**মেধাতালিকায় নির্বাচিত প্রার্থীরা ভর্তির সঙ্গে সঙ্গে কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অনলাইনে লগইন করে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি করতে হবে।**

৭। মেধাতালিকায় উর্ত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে থেকে মুক্তিযোদ্ধার সংক্রান্ত /আদিবাসী/উপজাতি/প্রতিবন্ধী কোটায় সর্বমোট ২৫ জন ছাত্র-ছাত্রী মেধাক্রম অনুসারে একটি কলেজের নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত হিসেবে ভর্তি হতে পারবেন।

৮। **ফি এর বিবরণ:**

**(ক) রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি :---------- ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা**

**(খ)** বিলম্ব ফিসহ রেজিস্ট্রেশন ফি শিক্ষার্থী প্রতি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত ফি জমা দিলে তা ফেরত দেয়া বা সমন্বয় করা হবে না । ছাত্র-ছাত্রী অতিরিক্ত অর্থ ড্রাফট করলে সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে জবাবদিহি করতে হবে।

বি.দ্র: * নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, রেজিস্ট্রেশন বিবরণী ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

৯। এক বছর মেয়াদী **এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং** কোর্সের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ। কোনক্রমেই রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্স পাঠদানকারী কলেজ/প্রতিষ্ঠান সমূহের নামের তালিকা:**

| ক্রম | কলেজের নাম | কলেজ/প্রতিষ্ঠান কোড | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | আই.এস.টি, ঢাকা | ৬৫৬৯ | উল্লেখ নেই |
| ০২. | বিআইএসটি, ঢাকা | ৬৪৭৯ | ,, |
| ০৩. | শেখ বোরহান উদ্দিন কলেজ, ঢাকা | ৬৪২৫ | ,, |

১০। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/পরিমার্জন এর ক্ষমতা সংরক্ষণ করে।

২৬/৬/১৩

**(প্রফেসর ড. সায়েদা বানু)**
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

সূত্র নং- জাতী:বি:/রেজি:/অ্যাকা:/১৬(৬৬৫)/২০১১/ ২৩৮০ তারিখ: ২৬/০৬/২০১৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:**

১. সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক (জনসংযোগ ও প্রকাশন বিভাগ), জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক (কম্পিউটার ও আইসিটি ইউনিট), জাতীয় বিশ্ববিদ্যালয়, (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর- এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার- এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সেকশন অফিসার, প্রো-ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সেকশন অফিসার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. অধ্যক্ষ, অধিভুক্ত সকল C&E পাঠদানকারী কলেজ/প্রতিষ্ঠান
১২. অফিস কপি/ গার্ড ফাইল/সংশ্লিষ্ট নথি

২৬/৬/১৩

উপ-রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪